

১৫/৮

005

তারিখ ... ১৫/১১/৪৫ ...
পৃষ্ঠা ... ১২ ...

**উপাচার্যের কাছে জগন্নাথ
কলেজ ছাত্রদের
স্মারকলিপি পেশ**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জগন্নাথ কলেজ সাধারণ ছাত্র
ঐক্য পরিষদের ব্যানারে কলেজের
একদল ছাত্র গতকাল বৃহ-
বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিও-
কেট মিটিং চলার সময় উপাচার্যের
কাছে তাদের ৬ দফা দাবী-
সম্বলিত একটি স্মারকলিপি প্রদান
করে। উপাচার্যের সাপেক্ষে এসময়
ছাত্রদের কথাবার্তা হয়।

নকল ও মর্নীতিন অভিযোগে
জগন্নাথ কলেজে পরীক্ষা কেন্দ্র
বাতিল ও ১৮জন শিক্ষকের
বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়টি
বর্তমানে বিচারামীন বলে উপা-
চার্য এ ব্যাপারে কোন বক্তব্য
দেননি। তবে সরকার জগন্নাথ
কলেজকে সিলেবাস প্রণয়ন,
পরীক্ষা গ্রহণ ও খাতা দেখার
ক্ষমতা দিতে চাইলে বিশ্ববিদ্যা-
লয়ের কোন আপত্তি থাকবে না
বলে তিনি ছাত্রদের জানান।

ঢাকা কলেজ, হুডেন কলেজ,
তিতুমীর কলেজ, জগন্নাথ কলেজ
ও বদরুন্নেসা কলেজের সাধারণ
ছাত্রছাত্রী পরিষদের কেন্দ্রীয়
কমিটির আহ্বায়ক হুমায়ুন কবীর
সেলিম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞ-
প্তিতে গতকাল পরিষদের ৫ দফা
দাবীসম্বলিত একটি স্মারকলিপি
উপাচার্যের কাছে দেয়া হয়েছে
বলে জানানো হয়।

উক্ত ৫ দফা দাবীর মধ্যে নিজ
নিজ কলেজে অনার্স ও মাষ্টার্স
ডিগ্রী পরীক্ষা কেন্দ্র ফিরিয়ে
দেয়ার দাবী জানানো হয়।